

সোমবার রাবিতে উদযাপিত হবে 'জুলাই উইমেনস ডে'

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ২০:২৮, ১৩ জুলাই ২০২৫



ছবি: জনকণ্ঠ

সরকার ঘোষিত জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ এর অংশ হিসেবে সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) জুলাই উইমেনস ডে (July Women's Day) পালন করা হবে।

রবিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। দিবসের কর্মসূচি হিসেবে আছে, সকাল ১০টায় প্রশাসন ভবন-১ এর সামনে থেকে র্যালি ও সকাল ১০:৩০ মিনিটে সিনেট ভবনে আলোচনা সভা। র্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানানো হয়েছে।